



বিমানের ভেতর থেকেই আটক সিজেপি প্রতিষ্ঠাতা অভিজিৎ দীপকে



ছবি: সংগৃহীত

দিল্লির যন্ত্রের মন্তরে বিক্ষোভে যোগ দিতে মুম্বাই থেকে আসা ককোরোচ জনতা পার্টির (সিজেপি) প্রতিষ্ঠাতা অভিজিৎ দীপকেসহ দলটির তিন নেতাকে আটক করেছে দিল্লি পুলিশ।

শনিবার (১০ অক্টোবর) এনডিটিভির প্রতিবেদনে বলা হয়, দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে বিমান অবতরণের পর রানওয়েতে থাকা অবস্থায় পুলিশ উড়োজাহাজের ভেতরে ঢুকে তাঁদের আটক করে। এ সময় অভিজিৎকে বলতে শোনা যায়, ‘গ্রেপ্তার করুন, আমরা ভয় পাই না।’

প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগের দাবিতে এই বিক্ষোভের আয়োজন করা হয়েছিল। সিজেপি নেতাদের আটকের নিন্দা জানিয়ে দলটি তাঁদের নিঃশর্ত মুক্তি দাবি করেছে। বিক্ষোভ ঠেকাতে পরিকল্পিতভাবে তাঁদের আটক করা হয়েছে বলেও অভিযোগ করেছে দলটি।

প্রতিবেদনে আরও বলা হয়, ইউটিউবার ধ্রুব রাঠি ও সিজেপির আইনবিষয়ক সেলের প্রধান রত্না সিংকেও তাঁদের বাসা থেকে আটক করা হয়েছে। এ ছাড়া রাজধানীর বিভিন্ন এলাকা থেকে রাতভর চার শতাধিক সন্দেহভাজন বিক্ষোভকারীকে আটক করে পুলিশ।

অনুমতি না পাওয়ায় বিক্ষোভ কর্মসূচি নিয়ে উত্তেজনার মধ্যে দিল্লিতে কঠোর বিধিনিষেধ জারি করা হয়েছে। বন্ধ রাখা হয়েছে ৪৫টি মেট্রো স্টেশন, বাতিল হয়েছে বেশ কয়েকটি ট্রেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে ২০ হাজারের বেশি পুলিশ ও কেন্দ্রীয় সশস্ত্র বাহিনীর সদস্য মোতায়েন করা হয়েছে।